# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 03-02-2025 Time: 7-35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) বানতলার চর্মনগরীতে নিকাশি নালা পরিষ্কার করতে নেমে তিন শ্রমিকের মৃত্যুর পর লেবার কন্ট্রাক্টরকে আটক করেছে পুলিশ। নিকটাত্মীয়কে ১০ লক্ষ টাকা অর্থ সহায়তা দেওয়া হবে বলে জানিয়েছে রাজ্য সরকার।

২) রাজ্যপাল সি ভি আনন্দ বোস বলেছেন, কেন্দ্রীয় বাজেট ভারসাম্যপূর্ণ, বিকশিত ভারত গঠনের লক্ষ্যে প্রথম পদক্ষেপ।

৩) দুয়ারে সরকার কর্মসূচীর নবম পর্যায়ে রাজ্য জুড়ে ৭৬ লক্ষ নতুন আবেদন জমা পড়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

৪) বসন্ত পঞ্চমী তিথির দ্বিতীয় দিনে আজও বাংলার ঘরে ঘরে জ্ঞান ও বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর আরাধনা চলেছে।

৫) পশ্চিমী ঝঞ্ঝা ও ঘূর্ণাবর্ত কাটিয়ে আগামী দু তিন দিন তাপমাত্রার পারদ কিছুটা নিম্নমুখী থাকবে বলে পূর্বাভাস আবাহাওয়া দপ্তরের।

৬) শ্রাচী রাঢ় বেঙ্গল টাইগার্স হকি ইন্ডিয়া লিগে চ্যাম্পিয়ান হয়েছে।

---

দক্ষিণ ২৪ পরগণার বানতলার চর্মনগরীতে নিকাশি নালা পরিষ্কার করতে নেমে তিন শ্রমিকের মর্মান্তিক মৃত্যুর পর লেবার কন্ট্রাক্টরকে আটক করেছে পুলিশ। গতকালই রাজ্যের পুর মন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিম ঘটনাস্থলে গিয়ে উপযুক্ত তদন্ত করে দোষীদের সাজা দেওয়া হবে বলে জানান। অর্থ সহায়তা বাবদ নিহতদের নিকটাত্মীয়কে রাজ্য সরকার ১০ লক্ষ টাকা দেবে বলেও ঘোষণা করেন তিনি।

বাইট ফিরহাদ

আগেই জানানো হয়েছে লেদার কমপ্লেক্স থানার অন্তর্গত ঐ এলাকায় নিকাশি নালা পরিষ্কার করতে নেমে বিষাক্ত রাসায়নিক ও গ্যাসে তিন শ্রমিকের মৃত্যু হয়। হাসি শেখ ও ফার্জেম শেখ নামে দুজন শ্রমিক মুর্শিদাবাদের এবং সুমন সর্দার উত্তর ২৪ পরগণার ন্যাজাটের বাসিন্দা। তিনজনকে সংজ্ঞাহীন অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে মৃত বলে ঘোষণা করা হয়।

এব্যাপারে ঠিকাদার সংস্থার দিকে অভিযোগের আঙুল উঠেছে।

উল্লেখ্য, কয়েক দিন আগেই সুপ্রিম কোর্ট কলকাতা সহ দেশের ৬ টি শহরে ম্যানহোলের মানুষ নামানোর বিষয়ে কড়া নিষেধাজ্ঞা জারি করেছিল।

রাজ্য সরকার কথায় কথায় উত্তরপ্রদেশের দিকে আঙুল তুললেও এরাজ্যে দুর্ঘটনা রোধে কোনো পদক্ষেপ নেয় না বলে অভিযোগ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

বাইট শুভেন্দু

মানবাধিকার সংগঠন এপিডিআর-এর সাধারণ সম্পাদক রঞ্জিত শূর বলেছেন, সুপ্রিম কোর্টের নিষেধাজ্ঞা সত্ত্বেও রাজ্যের বিভিন্ন প্রান্তে ম্যানহোল পরিষ্কারের কাজে

মানুষকে নামানো হচ্ছে। তিনি পরিবারগুলির জন্য উপযুক্ত ক্ষতিপূরণের দাবি জানিয়েছেন।

বাইট রঞ্জিত শূর

-----------------------

রাজ্যপাল সি ভি আনন্দ বোস বলেছেন, কেন্দ্রীয় বাজেট ভারসাম্যপূর্ণ, বিকশিত ভারত গঠনের লক্ষ্যে প্রথম পদক্ষেপ। গতকাল এক বার্তায় রাজ্যপাল বলেন, এই বাজেট সমগ্র ভারতের জন্য নিবেদিত এবং দেশের আত্মা এতে প্রতিফলিত হয়েছে।

বাইট রাজ্যপাল

-----------------------

দুয়ারে সরকার কর্মসূচির নবম পর্যায়ে আবেদন গ্রহণের শেষ দিন পর্যন্ত রাজ্যজুড়ে এক কোটি পাঁচ লক্ষের বেশি শিবিরে এক কোটি সাত লক্ষ মানুষ এসেছেন বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে মুখ্যমন্ত্রী বলেন, এই শিবির গুলিতে ৭৬ লক্ষ নতুন আবেদন জমা পড়েছে। এর মধ্যে ৫০ শতাংশ আবেদন খতিয়ে দেখে আঠাশে ফেব্রুয়ারির মধ্যে তার সুবিধা উপভোক্তাদের কাছে পৌঁছে দিতে সংশ্লিষ্ট দপ্তরে পাঠানো হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন।

-----------------------

শতাধিক মতুয়া ধর্মাবলম্বী ভারতে নাগরিকত্ব পেয়েছেন। অন্যদেরও এই শংসাপত্র দেওয়ার প্রক্রিয়া চলছে বলে কেন্দ্রীয় মন্ত্রী তথা মতুয়া মহাসংঘের সংঘাধিপতি শান্তনু ঠাকুর জানিয়েছেন। সল্টলেকের ইজেডসিসি-তে জাতীয় মতুয়া ধর্ম চিন্তন শিবিরে যোগ দিয়ে তিনি একথা বলেন।

বাইট শান্তনু ঠাকুর

-----------------------

বাংলাদেশে সাম্প্রতিক অশান্তির মধ্যে কোচবিহার সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা করেছেন সীমান্ত রক্ষী বাহিনী BSF এর এডিজি ইস্টার্ন কমান্ড রবি গান্ধী। কোচবিহার সেক্টরে তাকে সীমান্ত এলাকার সমস্যা এবং কাজকর্ম নিয়ে তথ্য দেন গোহাটি ফ্রন্টইয়ারের আইজি সঞ্জয় গৌড়। আরো দুদিন তিনি কোচবিহার জেলার বিভিন্ন সীমান্ত এলাকা পরিদর্শন করবেন বলে বিএসএফ সূত্রের খবর। সীমান্ত এলাকার নিরাপত্তা জোরদার করা এবং পাচার বন্ধে বিএসএফ- কে আরো সক্রিয় হওয়ার পরামর্শ দিয়েছেন এডিজি ইস্টার্ন কম্যান্ড।

-----------------------

বসন্ত পঞ্চমী তিথির দ্বিতীয় দিনে আজও সকাল থেকে বাংলার ঘরে ঘরে জ্ঞান ও বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর আরাধনা শুরু হয়েছে। দ্বিতীয় দিনে আজ তিথির সময় কম থাকায় সকাল-সকাল পূজোর আয়োজন করা হয়েছে। পারিবারিক পুজোর পাশাপাশি বারোয়াড়ি ও বিভিন্ন ক্লাব সংগঠনের পুজো যথোচিত উৎসাহ উদ্দীপনার মধ্যে সম্পন্ন হচ্ছে। গতকালের পর আজও বাগ দেবীর আরাধনায় মেতেছে কচিকাঁচা ,কিশোর কিশোরীর দল।

-----------------------

সরস্বতী প্রতিমা নিরঞ্জনেরজন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আজ থেকে আগামী ৫ ফেব্রুয়ারি পর্যন্ত প্রতিদিন বিকেল চারটে থেকে পরদিন ভোর পাঁচটা পর্যন্ত চক্র রেল চলাচলে নিয়ন্ত্রণ করার সিদ্ধান্ত নিয়েছে।

-----------------------

৮০ লক্ষ জনসংখ্যার মুর্শিদাবাদ জেলার লক্ষ লক্ষ কিশোরীর অধিকার আদায় হচ্ছে অবশেষে। বাল্য বিবাহ থেকে কিশোরী মাতৃত্ব রুখতে কঠোর অবস্থান নিচ্ছেন জেলার শীর্ষ কর্তারা। প্রায় বারোশো কিশোরী জেলার জেলা শাসক থেকে ব্লক প্রশাসনের কর্তাদের কাছে শিক্ষা, স্বাস্থ্য ও খাদ্য সহ নানান অধিকারের দাবি পেশের পর তৎপর হয়েছে মুর্শিদাবাদ জেলা প্রশাসন। একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

-----------------------

কলকাতার সাউথ পোর্ট থানা এলাকায় কার্ল মার্কস সরনীতে গতরাতে পৌনে আটটা নাগাদ একটি টালির বাড়িতে আগুন লেগে যায়। দমকলের চারটি ইঞ্জিন আড়াই ঘন্টার চেষ্টায় ঐ আগুন নিয়ন্ত্রনে আনে। হতাহতের খবর নেই। রান্নার সময়ে গ্যাস লিক করে এই আগুন লাগে বলে দমকলের প্রাথমিক অনুমান।

-----------------------

বঙ্গোপসাগর থেকে বাতাসের নিম্ন স্তরে জলীয় বাষ্প প্রবেশের কারণে আকাশ মেঘাচ্ছন্ন। রয়েছে কুয়াশার প্রাবল্য। তবে আগামী কয়েকদিন তাপমাত্রা একটু কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে জানানো হয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানালেন,

আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২২ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ৬ দশমিক ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

-----------------------

জীববৈচিত্র্য ও পরিবেশ সুরক্ষায় জলাভূমি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বলে পরিবেশ কর্মী তথা পরিবেশ সংগঠন সবুজ মঞ্চের সাধারণ সম্পাদক নব দত্ত মন্তব্য করেছেন। নানা কারণে অনেক জলাভূমি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে উল্লেখ করেছেন তিনি।

বাইট নব দত্ত

-----------------------

শ্রাচী রাঢ় বেঙ্গল টাইগার্স হকি ইন্ডিয়া লিগ ( HIL ) চ্যাম্পিয়ন হয়েছে। রৌরকেল্লার বীরসা মুন্ডা আন্তর্জাতিক হকি স্টেডিয়ামে গতকাল ফাইনালে শ্রাচী রাঢ় বেঙ্গল টাইগার্স, ৪-৩ গোলে হায়দ্রাবাদ তুফানসকে হারিয়ে দেয়।

-----------------------

উত্তরাখণ্ডের দেরাদুনে জাতীয় গেমসে বাংলা গতকাল একটি স্বর্নপদক জয় করেছে। মহিলাদের সাঁতারে ১০০ মিটার ব্যাকস্ট্রোকে সুবৃতি মন্ডল সোনা জিতেছেন।

----------------------- -----------------------